

‘খবর প্রকাশ করলে মামলা করব’—জবি শিক্ষিকার মুখে স্পষ্ট হুমকি!

মামুন শেখ, জবি সংবাদদাতা

প্রকাশিত: ২১:৪৯, ২৯ জুন ২০২৫



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ফেরদৌসী খাতুনের বিরুদ্ধে সাংবাদিকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ, হুমকি ও হেনস্তার অভিযোগ উঠেছে। অনিয়ম করে নিয়োগ ও দীর্ঘ ছয় বছর ধরে ক্লাস না নেওয়া বিষয়ে সাংবাদিকরা বক্তব্য চাইতে গেলে তিনি উত্তেজিত হয়ে ওঠেন এবং একাধিক সাংবাদিকের সঙ্গে দুর্ব্যবহার করেন বলে অভিযোগ রয়েছে।

রবিবার (২৯ জুন) দুপুরে বাংলা বিভাগের শিক্ষিকা ফেরদৌসী খাতুনের সঙ্গে সরাসরি সাক্ষাৎ করে বিষয়টি নিয়ে জানতে চাইলে তিনি *খবরের কাগজ*-এর প্রতিনিধি মুজাহিদ বিল্লাহর ওপর চড়াও হন। একপর্যায়ে তিনি **মামলা করার হুমকি দেন** এবং গায়ে হাত দেওয়ার চেষ্টা করেন বলে অভিযোগ করেন ভুক্তভোগী।

এ সময় সেখানে উপস্থিত ডেইলি ক্যাম্পাস-এর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জুনায়েদ মাসুদ এবং রাইজিং বিডি-এর প্রতিনিধি লিমন ইসলামকেও তিনি তিরস্কার করেন ও অসৌজন্যমূলক আচরণ করেন বলে জানা গেছে।

সাংবাদিক মুজাহিদ বিল্লাহ বলেন, “আমি প্রায় ৬-৭ মাস ধরে এ বিষয়ে কাজ করছি। তথ্য অধিকার আইনের মাধ্যমে যে নথিগুলো পেয়েছি, তাতে দেখা যায়, তিনি ছয় বছর ধরে ক্লাস নিচ্ছেন না। এসব বিষয়ে জানতে চাইতেই তিনি ক্ষিপ্ত হয়ে ওঠেন। ধাক্কা দিতে আসেন এবং হুমকি দেন। এরপর তিনি অশালীন কথা বলতে বলতে সেখান থেকে চলে যান।”

বিষয়টি জানতে অভিযুক্ত সহযোগী অধ্যাপক ফেরদৌসী খাতুনকে একাধিকবার ফোন করা হলেও তার মোবাইল নম্বর বন্ধ পাওয়া যায়।

এ বিষয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিমের মন্তব্য জানতে ফোন করা হলে তাকেও পাওয়া যায়নি।